

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ২৩৫

তারিখ: ২৬ আগস্ট ২০১৮

- বিষয় : ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের জুলাই ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
- সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড।
- স্থান : ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।
- তারিখ ও সময় : ১৪ আগস্ট ২০১৮, সময় : সকাল- ০৯.৩০ টা।
- উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃষ্টিকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা।	(ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত জুলাই ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়।  সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিম্নকৃত কেইসের সংখ্যা বেশী থাকায় মহাপরিচালক সন্তোষ প্রকাশ করেন। তাছাড়া মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ বকেয়া বেতন বাবদ প্রাপ্ত অর্থ বিতরণ সংক্রান্ত একটি আলাদা কলাম সংযোজন করার নির্দেশনা প্রদান করেন।	আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নথিসমূহ অবশ্যই দুই মাসের মধ্যে নিষ্পত্তি নিশ্চিত করতে হবে।  মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সম্পর্কিত নির্ধারিত “ছক” এ বকেয়া বেতন বাবদ প্রাপ্ত অর্থ বিতরণ সংক্রান্ত একটি আলাদা কলাম সংযোজন করতে হবে।	পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি)  পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	ইআরপি সিস্টেম ব্যবহার	(ক) ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের সকল কার্যক্রম ইআরপি সিস্টেমের মাধ্যমে ব্যবহৃত হওয়ায় মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই কর্তৃক প্রশংসিত হয়। কল্যাণ বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীগণ সাফল্যের সাথে এ অত্যাধুনিক প্রযুক্তি (ইআরপি সিস্টেম) ব্যবহারে প্রতিষ্ঠানটির সুনাম বৃদ্ধি পাওয়ায় মহাপরিচালক কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ইআরপি সিস্টেমের উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর আমন্ত্রণ জানানো হবে মর্মে মহাপরিচালক বোর্ডের সকল কর্মকর্তা/ কর্মচারীকে অবহিত করেন। ইআরপি সিস্টেমের উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর সম্ভাব্য উপস্থিতিতে উদ্বোধনী অনুষ্ঠানকে সর্বোচ্চ	(ক) ইআরপি সিস্টেমের উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর সম্ভাব্য উপস্থিতিতে উদ্বোধনী অনুষ্ঠানকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানপূর্বক সুন্দর ও সুচারুরূপে আয়োজনের লক্ষ্যে পরিচালক (আইআরপি) এর নেতৃত্বে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), উপ-পরিচালক (কল্যাণ), সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামার (ওয়েব) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো।	পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

